ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫২/২০১৮/ ১৫৭২৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

মদীনাতুল উলূম মডেল ইনস্টিটিউট মহিলা কামিল মাদরাসা, তেজগাঁও, ঢাকা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৬-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০১-২০২৬ থেকে ২৫-০১-২০৩০ ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ক্রয়-বিক্রয়-আয়-ব্যয় সংক্রান্ত সকল হিসাব-নিকাশ ফাইল নোট অনুমোদনের মাধ্যমে করতে হবে;
২. কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ ও ফাজিল স্নাতক (পাস) স্তরে কুরআন, হাদিস, আরবি, ইংরেজি ও সাহিত্য বিষয়ে পাঠদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে;
৩. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং শ্রেণিকক্ষে পাঠদানের মান বৃদ্ধির পাশাপাশি ক্লাসে গাইড বইয়ের ব্যবহার বাতিলপূর্বক মূল কিতাব পড়াতে হবে;
৪. অফিস আদেশের মাধ্যমে কমিটি গঠন (একাডেমিক কমিটি, বাজেট কমিটি, ক্রয় কমিটি, অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি ও শৃংখলা কমিটি) করতে হবে এবং সকল কার্যক্রম গভর্নিং বডি কর্তৃক অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৫. শ্রেণিকক্ষ ও মাদরাসা প্রাঙ্গণ সবসময় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৬. মাদরাসার অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করতে হবে;
৮. দ্রুততম সময়ের মধ্যে শূন্যপদসমূহ পূরণের ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থা করতে হবে এবং শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে অভিজ্ঞ করে গড়ে তুলতে হবে;
৯. অতি দ্রুততম সময়ের মধ্যে অখন্ড জমির সনদ মাদরাসা পরিদর্শন দপ্তরে জমা দিতে হবে এবং মাদরাসায় ডিজিটাল হাজিরা (শিক্ষক-শিক্ষার্থী), শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
১০. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, হাদিস মুখস্থ চর্চা, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১১. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম-ঠিকানা-কর্মস্থল-মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, মদীনাতুল উলূম মডেল ইনস্টিটিউট মহিলা কামিল মাদরাসা, তেজগাঁও, ঢাকা

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫২/২০১৮/ ১৫৭২৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মদীনাতুল উলূম মডেল ইনস্টিটিউট মহিলা কামিল মাদরাসা, তেজগাঁও, ঢাকা।
৭. অফিস নথি।

১২.১০.২০২৬
(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩